গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

বিষয় : স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত কেন্দ্রীয় কর্মসূচির আলোকে সুবর্ণজয়ন্তী সৌধ/মিনার/কলাম নির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের হতে প্রাপ্ত প্রস্তাব যাচাই-বাছাই সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।

তারিখ : ১৬/১১/২০২১ খ্রি.

সময় : দুপুর ১২.০০ ঘটিকা

স্থান : ভার্চুয়াল মাধ্যম (জুম অ্যাপ)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহিদের জীবনের বিনিময়ে আমরা স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পেয়েছি। ২ লক্ষের অধিক মা বোনের পরম ত্যাগের বিনিময়ে বাংলাদেশের মানচিত্র পৃথিবীর বুকে উজ্জীবিত হয়েছে। তাদের সকলকে তিনি গভীর শ্রদ্ধাভরে স্বরণ করেন। তিনি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনাকে যার নেতৃত্বে স্বাধীনতার ৫০ বছর পূর্তি অর্থাৎ সুবর্ণজয়ন্তী পালনের সুযোগ হয়েছে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত গত ২২/০২/২০২১ তারিখে মাননীয় মন্ত্রী, স্থানীয় সুরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সভাপতিত্বে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভার ৬ নং ক্রমিকের সিদ্ধান্ত মোতাবেক কেন্দ্রীয় কর্মসূচির আলোকে সুবর্ণজয়ন্তী সৌধ/মিনার/কলাম নির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের হতে ৫টি প্রস্তাব পাওয়া যায়। উক্ত প্রস্তাবসমূহ সভায় উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে অনুরোধ করেন।

২। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, গত ২২/০২/২০২১ তারিখে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার ৬ নং ক্রমিকের সিদ্ধান্ত নিম্নরূপঃ-
"কেন্দ্রীয় কর্মসূচির আলোকে সুবর্ণজয়ন্তী সৌধ/ মিনার/কলাম নির্মাণের উদ্যোগ গ্রহণ। এ জন্য প্রধান প্রকৌশলী, এলজিইডি খ্যাতিমান স্থপতিদের নিকট হতে কয়েকটি ডিজাইন নিয়ে প্রাক্কলনসহ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও

সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নিকট উপস্থাপন করবেন। উপস্থাপিত ডিজাইনের মধ্য হতে মাননীয় মন্ত্রী একটি ডিজাইন ও প্রাক্কলন অনুমোদন করবেন। অনুমোদন শেষে এ বিভাগের আওতায় কতটি সুবর্ণজয়ন্তী সৌধ/মিনার/কলাম কোন কোন স্থানে নির্মাণ করা হবে"। সে পরিপ্রেক্ষিত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর হতে নিম্নবর্ণিত ৫টি প্রস্তাব পাওয়া যায়ঃ

| ক্রমিক নং | সৌধের নাম | স্থপতির নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ০১। | ছয় কলাম | মেহেদী আমিন | ১১,৭৫,৫৫০/- |
| ০২। | ৫০ এর সৌধ | শিমুল চাকমা | ৫০,১৬,৩৪৮/- |
| ০৩। | প্রস্ফুটিত ফুল | মেহেদী আমিন | ২৩,৫৭,৫০০/- |
| ০৪। | উন্নত মম শির | শহীদ হাসান রাব্বানী | ৩৫,৪০,৮৮৮/- |
| ০৫। | উড়ন্ত ৫০টি পাখি | শিমুল চাকমা | ৯,৩৭,৬০০/- |

৩। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর হতে প্রাপ্ত ৫টি প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

১) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী সৌধ/মিনার/কলামের জন্য একটি সুন্দর ও মানানসই নাম নির্ধারন করতে হবে;

২) উপস্থাপিত ৫টি ডিজাইন হতে ৩নং ক্রমিকের প্রস্ফুটিত ফুল, যার স্থপতি জনাব মেহেদী আমিন ও প্রাক্কলিত মূল্য ২৩,৫৭,৫০০/- (তেইশ লক্ষ সাতান্ন হাজার পাঁচশত) টাকা-কে সকলের মতামতের আলোকে নান্দনিকতার দৃষ্টিতে বাছাই করা হয়;

৩) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা ৩নং ক্রমিকের প্রস্ফুটিত ফুল নির্মাণের লক্ষ্যে ভবনের আকার এবং বাজেট বিবেচনায় পৃথক আকারের ৩টি ডিজাইন ও প্রাক্কলন দ্রুত স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন। মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রথমে এলজিইডিতে ডিজাইন পাইলটিং করে তার ফলাফলের আলোকে পরবর্তীতে তা স্থানীয় সরকার বিভাগের আওতাধীন অধিদপ্তর, সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অফিস প্রাঙ্গনে নিজস্ব অর্থায়নে সৌধ নির্মাণ করতে হবে;

৪) আগামী ২৬/০৩/২০২২ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর, সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানে সুবর্ণজয়ন্তী সৌধ নির্মাণ কাজ সম্পাদন করতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভা সমাপ্ত করেন।

২৫/১১/২০২১

(হেলালুদ্দীন আহমদ)
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫. ২০১৮- ৯২৬৪ তারিখঃ ১০ অগ্রহায়ণ ১৪২৮ / ২৫ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

বিতরণ (স্থানীয় সরকার বিভাগ):

১। অতিরিক্ত সচিব (সকল অনুবিভাগ)/মহাপরিচালক(পমূপ), স্থানীয় সরকার বিভাগ।

২। অতিরিক্ত সচিব (উপজেলা /ইউনিয়ন পরিষদ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।

৪। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২/প্রশাসন/নগর উন্নয়ন-১/উন্নয়ন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর/সিলেট/গাজীপুর সিটি কর্পোরেশন।

৪। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা

৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

MMRahman
২৫/১১/২০২১

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ২২৩৩৫৫৫৭৩
E-mail: lgadmia1@lgd.gov.bd